দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

# পাবলিক বিশ্ববিদ্যালয়ের সম্ভাব্য ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষে স্নাতক পর্যায়ে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে। গতকাল শনিবার রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের স্ট্যান্ডিং কমিটির ২৫২ তম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষা ও আনুষঙ্গিক বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা হয়। সভায় পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষার তারিখ সমন্বয় ও সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়।

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. হারুনর রশিদের সভাপতিত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন অর রশীদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামরুল হাসান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মীজানুর রহমানসহ ২৮টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ উপস্থিত ছিলেন।

**ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ: প্রকৌশল বিশ্ববিদ্যালয়:** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ১৪ অক্টোবর, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২১, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১৭ নভেম্বর, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০ অক্টোবর, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা ২৬ নভেম্বর।

**কৃষি বিশ্ববিদ্যালয়:** শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা পহেলা ডিসেম্বর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ০৪ নভেম্বর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর ০৮ নভেম্বর, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় ১৭ নভেম্বর, চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয় ২ ডিসেম্বর।

**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়:** হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর ৫ থেকে ৮ নভেম্বর। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ১৮ নভেম্বর, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৯ ও ১০ নভেম্বর, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২৭ অক্টোবর, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০ ও ২১ ডিসেম্বর, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৩ ও ৪ নভেম্বর, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মার্চের চতুর্থ সপ্তাহ ২০১৮।

**অন্যান্য বিশ্ববিদ্যালয়:** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা ৮ থেকে ১৮ অক্টোবর, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২২ থেকে ২৬ অক্টোবর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ২২ থেকে ৩০ অক্টোবর, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ২৫ থেকে ২৯ নভেম্বর, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, ২৪ ও ২৫ নভেম্বর, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, ১৭ ও ১৮ নভেম্বর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, ১৯ থেকে ২৩ নভেম্বর, বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ ও ২৫ নভেম্বর, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর, ২৬ থেকে ৩০ নভেম্বর, খুলনা বিশ্ববিদ্যালয় ১১ নভেম্বর, জাতীয় বিশ্ববিদ্যালয় ২৪ আগস্ট থেকে আবেদন শুরু, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ৮ ডিসেম্বর, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ৫ নভেম্বর।

ল্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
স্বাক্ষর